

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
(সরকারি মাধ্যমিক-১)  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯-৬৮

তারিখ: ১১ মাঘ, ১৪২৫  
২৪ জানুয়ারি, ২০১৯

বিষয়ঃ ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.), দাখিল, এস.এস.সি. (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সহায়তা প্রদান।


আগামী ০২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ শনিবার হতে সারাদেশে একযোগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.), দাখিল, এস.এস.সি. (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা শুরু হবে (পরীক্ষার সময়সূচি সংযুক্ত)। গুরুত্বপূর্ণ ও পাবলিক পরীক্ষা যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ সম্ভব হয় সে জন্য পুলিশসহ অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা একান্ত প্রয়োজন। উল্লেখ্য, ইতোপূর্বে অনুষ্ঠিত পাবলিক পরীক্ষাসমূহ পুলিশসহ অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর আন্তরিক প্রচেষ্টা, দায়িত্বশীল ভূমিকা এবং জেলা ম্যাজিস্ট্রেটসির সাথে কার্যকর সমন্বয়ের কারণে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ করা সম্ভব হয়েছে।

২। এস.এস.সি. ও সমমান পরীক্ষা-২০১৯ সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে ২০ জানুয়ারি, ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) আগামী ২৭ জানুয়ারি, ২০১৯ তারিখ হতে ২৭ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ পর্যন্ত সকল কোচিং সেন্টার বন্ধ রাখতে হবে;  
খ) মোবাইলসহ অন্য যে কোন ইলেকট্রনিক ডিভাইস নিয়ে যাতে কেউ কেন্দ্রে প্রবেশ না করতে পারে তা নিশ্চিত করতে হবে;

২। এমতাবস্থায়, ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.), দাখিল, এস.এস.সি. (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার দিন শিক্ষার্থীদের বিশেষ করে ছাত্রীদের যাতায়াতের ক্ষেত্রে যেন কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সম্মুখীন হতে না হয় তাসহ পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় নিরাপত্তা বিধানে আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পরীক্ষার রুটিন ০৭ (মোট) পৃষ্ঠা।

  
(ড.মো: মোকছেদ আলী)  
উপসচিব  
ফোন: ৯৫৪৫৯৭৪

সচিব  
জন নিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯-৬৮

তারিখ: ১১ মাঘ, ১৪২৫  
২৪ জানুয়ারি, ২০১৯

**অনুলিপি: সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/যশোর/ সিলেট/ বরিশাল/দিনাজপুর/ ময়মনসিংহ/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৩. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল).....
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।